গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.২৯.০৫৬.১৬.৩০৮ তারিখ: ১০ কার্তিক ১৪৩০
২৬ অক্টোবর ২০২৩

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এবং ২০১৮-২০২২-এর অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৪.০০১.২২.৫৯৩; তারিখ: ০৪ অক্টোবর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ০৩/০৯/২০২৩ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মো: আমিন উল আহসান এর সভাপতিত্বে জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এবং ২০১৮-২০২২-এর অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ বিভাগ সম্পর্কিত নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**(খ) মধ্যমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি | মন্ত্রিপরিষদ বিভাগের প্রাথমিক মতামত | বাস্তবায়নকারী (অনুবিভাগ/দপ্তর/সংস্থা) |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা | ‘জেলা শিক্ষা অফিসার’ পদবির পরিবর্তে ‘জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার’ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০১ আগস্ট ২০২৩ তারিখে ৩৭.১৬.০৫৬.২৯.০৬৫.০০০০.০০.২২৮ নং স্মারকে পত্র জারি করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে (সরকারি মাধ্যমিক -১) জানান যে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি ১৯৮১ (স্কুল এন্ড ইন্সপেকশন ব্রাঞ্চ) সংশোধনের লক্ষ্যে আগামী ২৩ আগস্ট ২০২৩ তারিখ একটি সভা আহবান করা হয়। পরবর্তীতে ২৩ আগস্ট ২০২৩ তারিখ আয়োজিত সভাটি স্থগিত করা হয়েছে। সভার জন্য পরবর্তী সময় ও তারিখ নির্বারণ করা হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি জানাতে হবে। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০২. | জেলা প্রশাসক, কক্সবাজার | কক্সবাজারে একটি বিশেষায়িত মেরিন বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ গ্রহণকরতেহবে। | The University Grants Commission of Bangladesh Order,1973 এর 5 (1) (g) ধারা অনুসারে বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মতামত নেয়া প্রয়োজন। জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এর সুপারিশ অনুসারে বর্ণিত বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে মতামত প্রদানের জন্য চেয়ারম্যান বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি জানাতে হবে। | অনুবিভাগ প্রধান (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ) |
| ০৩. | জেলা প্রশাসক, বরগুনা | অঞ্চলভেদে কারিগরি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাবটি পরীক্ষা নিরীক্ষাক্রমে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করতে হবে। | The University Grants Commission of Bangladesh Order,1973 এর 5 (1) (g) ধারা অনুসারে বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মতামত নেয়া প্রয়োজন। জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এর সুপারিশ অনুসারে বর্ণিত বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে মতামত প্রদানের জন্য চেয়ারম্যান বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি জানাতে হবে। | অনুবিভাগ প্রধান (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ) |

**(গ) দীর্ঘমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি | মন্ত্রিপরিষদ বিভাগের প্রাথমিক মতামত | বাস্তবায়নকারী (অনুবিভাগ/দপ্তর/সংস্থা) |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক, ঝিনাইদহ | বেসরকারি এমপিওভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষকওকর্মচারীদের জন্য আচরণ বিধিমালা প্রণয়নকরতে হবে। | বেসরকারি এমপিওভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষক ও কর্মচারীদের জন্য আচরণ বিধিমালা সংক্রান্ত নীতিমালার খসড়া প্রণয়নের জন্য ২২.০৬.২০২৩ তারিখে ৩৭.০০.০০০০.০৭২.২২.০০১.২৩.১৩৬ স্মারকে একটি কমিটি গঠন করা হয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অতিদ্রুত প্রেরণ করতে হবে। | অনুবিভাগ প্রধান (মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩. | জেলা প্রশাসক, ঝালকাঠি | শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ ঘন্টার জন্য সুনির্দিষ্ট শিক্ষা চ্যানেল চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | গত ১১/০৫/২০২১ তারিখে মাননীয় শিক্ষা মন্ত্রী ডা.দীপু মনি এমপি'র সভাপতিত্বে অনলাইন মন্ত্রিপরিষদ বিভাগের প্রাথমিক মতামত মোতাবেক স্যাটেলাইটের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে "শিক্ষা টিভি" চালুর উদ্যোগ গ্রহণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে শিক্ষা টিভি পরিচালনার জন্য সরকারি ব্যবস্থাপনায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপনের অনাপত্তি প্রদানসহ কার্যক্রম নিয়ন্ত্রণের জন্য তথ্য মন্ত্রণালয়ের অনুমতি প্রাপ্তির লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে স্মারক নং ৩৭.০২.০০০০.১১০.১৮.০৫.২১/১৯৭, তারিখ ২৩ মে ২০২১ খ্রি. মোতাবেক অনুরোধ জানানো হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে বিষয়টি নিয়ে দপ্তর-সংস্থা পর্যায়ে আলোচনা হয়েছে। এ বিষয়ে একটি সভা আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়ন করে সুনির্দিষ্ট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অতিদ্রুত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

**(খ) মধ্যমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি | মন্ত্রিপরিষদ বিভাগের প্রাথমিক মতামত | বাস্তবায়নকারী (অনুবিভাগ/দপ্তর/সংস্থা) |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক, গাইবান্ধা (২০১৮) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের টিউশন ফি ব্যয়ের সুনির্দিষ্ট নীতিমালা তৈরি করতে হবে। | নীতিমালাটি প্রণয়ের জন্য গঠিত কমিটি একটি খসড়া দাখিল করেছেন। খসড়াটির বিষয়ে গত ০৪.০৬.২০২৩ তারিখে একটি সভা করা হয়েছে। উক্ত খসড়াটি সংশোধন/পরিমার্জনের কার্যক্রম চলমান। পরবর্তীতে আবার একটি সভা আহ্বান করা হবে। | সিদ্ধান্তটির বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতি আগামী ৩০ অক্টোবর ২০২৩ এর মধ্যে জানাতে হবে। | অনুবিভাগ প্রধান (মাধ্যমিক-২) |
| ০২. | জেলা প্রশাসক, ময়মনসিংহ (২০১৮) | ভূমি সংক্রান্ত বিষয়াবলি ৮ম, ৯ম ও ১০ম শ্রেণির পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে। | ২০২৩ শিক্ষাবর্ষ থেকে জাতীয় শিক্ষাক্রম-২০২২ এর আলোকে প্রণীত ষষ্ঠ শ্রেণির 'দৈঘ্য মাপি' এবং ৮ম থেকে ১০ম শ্রেণির সপ্তম শ্রেণির 'নানা রকম আকৃতি মাপি' অধ্যায়ে পরিমাপ সম্পর্কিত বিষয়বস্তু সংযুক্তআছে।এছাড়া জাতীয় শিক্ষাক্রম ২০১২ এর আলোকে প্রণীত ২০২৩ শিক্ষাবর্ষের অষ্টম শ্রেণির গণিত পাঠ্যপুস্তকে পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত 'পরিমাপ' শিরোনামে এবং নবম-দশম শ্রেণির গণিত পাঠ্যপুস্তকে 'পরিমিতি' শিরোনামের অধ্যায়ে করতে হবে'। পরিমাপ সংক্রান্ত বিষয়বস্তু [illegible] | সিদ্ধান্তের সাথে অগ্রগতি প্রতিবেদনের কোন মিল নেই। সিদ্ধান্তটির বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতি প্রতিবেদন আগামী ৩০ অক্টোবর ২০২৩ এর মধ্যে জানাতে হবে। | চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড |

অন্তর্ভুক্ত আছে।এ প্রসঙ্গে উল্লেখ্য যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ইতোমধ্যেই জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ প্রণয়ণ করা হয়েছে।উক্ত রূপরেখার আলোকে জাতীয় শিক্ষাক্রম-২০২২ উন্নয়ন করা হয়েছে, যার ধরন হলো যোগ্যতাভিত্তিক।এই নতুন শিক্ষাক্রমের আলোকে ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির জন্য পাঠ্যপুস্তক প্রণয়ণ করা হয়েছে। ধারাবাহিকভাবে অন্যান্য শ্রেণির জন্য পাঠ্যপুস্তক প্রণয়নের কাজ চলমান রয়েছে।নতুন এই শিক্ষাক্রমের মধ্য দিয়ে শিক্ষার্থীরা বিভিন্ন বাস্তবধর্মী অভিজ্ঞতার মাধ্যমে যোগ্যতা অর্জন করবে। সেক্ষেত্রে পরিমাপ সম্পর্কিত গাণিতিক ধারণা লাভের পাশাপাশি ক্লাসরুম, খেলার মাঠ, স্কুলের পরিধি সরাসরি পরিমাপের মধ্য দিয়ে শিক্ষার্থীরা ভূমি পরিমাপ সম্পর্কে বাস্তব ধারণা লাভ করবে। এক্ষেত্রে উল্লেখ্য যে, ২০২৪ শিক্ষাবর্ষে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জন্য গণিত পাঠ্যপুস্তকে (খসড়া) ‘জমির নকশায় ত্রিভুজ ও চতুর্ভুজ' শিরোনামে একটি অধ্যায় সংযুক্ত করা হচ্ছে, যা শিক্ষার্থীদের পরিমাপ সম্পর্কিত বিষয়ভিত্তিক জ্ঞানকে ভূমি পরিমাপে ব্যবহারের সুযোগ সৃষ্টি করবে।২০২৩ শিক্ষাবর্ষের যেসব পাঠ্যপুস্তকে এ সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে সেগুলো হলো-

১। গণিত, ষষ্ঠ শ্রেণি (অধ্যায়: “দৈঘ্য মাপি', পৃষ্ঠা ৬৬-৭৬)

২। গণিত, সপ্তম শ্রেণি (অধ্যায়: নানা রকম আকৃতি মাপি,পৃষ্ঠা ১৯৩-২১৬)

৩। গণিত, অষ্টম শ্রেণি (অধ্যায়: পরিমাপ,পৃষ্ঠা ২৮-৪৬)

৪। গণিত, নবম-দশম শ্রেণি (অধ্যায় : পরিমিতি, পৃষ্ঠা ২৯৪-৩২০) ২০২৪ শিক্ষাবর্ষের যেসব পাঠ্যপুস্তকে এ সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করার বিষয়টি পরিকল্পনায় রয়েছে সেগুলো

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | হলো-১। গণিত, অষ্টম শ্রেণি (অধ্যায়: জমির নকশায় ত্রিভুজ ও চতুর্ভুজ, খসড়া, পৃষ্ঠা ৯১-১২২)<br>২। জীবন ও জীবিকা, নবম শ্রেণি (ভূমি আইন, জমির খাজনা ইত্যাদি সংক্রান্ত খসড়া অবস্থায় রয়েছে)<br>নতুন শিক্ষাক্রমের আলোকে নবম শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নের কাজ চলমান রয়েছে। যোগ্যতার আলোকে উক্ত শ্রেণির পাঠ্যপুস্তকেও শিক্ষার্থীদের বয়স ও শ্রেণি উপযোগী ভূমি সংক্রান্ত তথ্যের প্রযোজ্য অংশ অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে। উল্লেখ্য যে, নবম শ্রেণির জীবন ও জীবিকা বিষয়ে ভূমি আইন, জমির খাজনা সংক্রান্ত এবং দশম শ্রেণিতে আয়কর রিটার্নসংক্রান্ত বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা হচ্ছে (উক্ত পাঠ্যপুস্তকের কাজ চলমান থাকায় এখানে সংযুক্ত করা সম্ভব হয়নি। | | |
| ০৪. | জেলা প্রশাসক, রাজবাড়ী (২০২২) | রাজবাড়ী জেলায় মীর মশাররফ হোসেনের সমাধিস্থলে তাঁর নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে সকল জেলায় কমপক্ষে ১টি বিশ্ববিদ্যালয় স্থাপনের নিমিত্ত কার্যক্রম চলমান আছে।The University Grants Commission of Bangladesh Order, 1973-এর 5(1) (g)ধারায় নতুন বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মতামত গ্রহণের বিধান রয়েছে। উক্ত বিধান অনুসারে রাজবাড়ী জেলার মীর মশাররফ হোসেনের সমাধিস্থলে তাঁর নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ১৪ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। মতামত পাওয়ার পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়ন করে সুনির্দিষ্ট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অতিদ্রুত প্রেরণ করতে হবে। | অনুবিভাগ প্রধান (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৫. | জেলা প্রশাসক, মেহেরপুর (২০২২) | মেহেরপুর মুজিবনগর বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ স্থাপন করতে হবে। | মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন, ২০২৩ গত ১৩.০২.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে গেজেট হয়েছে। উক্ত আইনের ২৩(১) ধারা অনুসারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন অনুষদ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করবে। এখনো ভাইস চ্যান্সেলর নিয়োগ করা হয়নি। ভাইস চ্যান্সেলর নিয়োগের পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্ণিত ২৩(১) ধারা অনুসারে কার্যক্রম গ্রহণ করবে। | সিদ্ধান্তটিবাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি জানাতে হবে। | অনুবিভাগ প্রধান (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ) |
| ০৭. | জেলা প্রশাসক, ময়মনসিংহ (২০২২) | ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজকে ময়মনসিংহ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উন্নীত করতে হবে। | জেলাপ্রশাসক সম্মেলন ২০২২ এ সিদ্ধান্তে 'ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজকে ময়মনসিংহ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উন্নীত করতে হবে' মর্মে উল্লেখ রয়েছে। উল্লিখিত বিষয়ে গত ৩ মে ২০২৩ খ্রি. তারিখে The University Grants Commission of Bangladesh Order, 1973-এর 5(1)(g) ধারা অনুসারে মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোনো মতামত না পাওয়ায় পুনরায় ০১.০৮.২০২৩ তারিখে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | সিদ্ধান্তটির বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতি প্রতিবেদন আগামী ৩০ অক্টোবর, ২০২৩ এর মধ্যে জানাতে হবে। | অনুবিভাগ প্রধান (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ) |

০২। বর্ণিতাবস্থায়, জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এবং ২০১৮-২০২২-এর অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণীর এ বিভাগ সম্পর্কিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক প্রতিবেদন প্রমানকসহ প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে এ বিভাগের সমন্বয় শাখায় (ই-মেইল: sas_s4@moedu.gov.bd-এ Nikosh ফন্টে Word Documentহিসেবে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৬-১০-২০২৩
মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২৫৫১০১০৮৫
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২) চেয়ারম্যান, চেয়ারম্যান দপ্তর, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

৩) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান
ব্যুরো (ব্যানবেইস)
৫) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন
কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৬) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা
ট্রাস্ট
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৮) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, আন্তর্জাতিক
মাতৃভাষা ইনস্টিটিউট
৯) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি
জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
১০) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
১১) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি
১২) প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), শিক্ষা প্রকৌশল
অধিদপ্তর
১৩) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪) চেয়ারম্যান (সকল), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা
বোর্ড,
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ
১৫) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা
অধিদপ্তর
১৬) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও
কর্মচারী অবসর সুবিধা বোর্ড
১৭) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক
কর্মচারী কল্যাণ ট্রাস্ট
১৮) সহকারী সচিব, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগ
১৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও
উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.২৯.০৫৬.১৬.৩০৮/১(২)

তারিখ: ১০ কার্তিক ১৪৩০
২৬ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অফিস কপি

২৬-১০-২০২৩
মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)